২৪/১০/২০০৩

তারিখ ....................

পৃষ্ঠা ৩ কলাম ৭......

দৈনিক ইনকিলাব

# ৬ নভেম্বর ইউকসু'র নির্বাচন : বুয়েটে উৎসবমুখর পরিবেশ

**বুয়েট রিপোর্টার ঃ** আসন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) ও হল সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বর্তমানে বুয়েটে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। ক্যাম্পাসের সর্বত্র এখন আলোচনার বিষয়বস্তু হচ্ছে ইউকসু নির্বাচন। আগামী ৬ নভেম্বর ইউকসু নির্বাচন অনুষ্ঠিত হবে। মনোনয়নপত্র দাখিলের শেষ সময় হচ্ছে ২৯ অক্টোবর। এখনও পর্যন্ত কোন সংগঠন মনোনয়নপত্র জমা না দিলেও সম্ভাব্য প্রার্থীরা ছাত্রছাত্রীদের কাছে ভোট চাওয়া শুরু করেছে। সাথে সাথে স্ব-স্ব দলীয় প্যানেলে নিজেদের অবস্থান করে নেয়ার জন্য জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এক্ষেত্রে ছাত্রদল এবং ছাত্রলীগের মধ্যে গ্রুপিং-লবিং সবচেয়ে বেশী। সর্বশেষ গত সোমবার রাতে ছাত্রদল ইউকসুর ৭টি পদের মধ্যে চারটির জন্য প্রার্থী নির্বাচিত করে। এরা হচ্ছেন ভিপি পদে গোলাম মোর্শেদ লায়ন, জিএস পদে হাসিব মোন্তাবসিস, সহ-সাধারণ সম্পাদক পদে কাজী মোহাম্মদ জাবেদ ইকবাল এবং আপ্যায়ন সম্পাদক পদে মোহাম্মদ ইসমাইল হোসেন ইমন।

বাংলাদেশ ছাত্রলীগও ইউকসুর সাতটি পদের মধ্যে চারটি পদের প্রার্থী নির্বাচিত করেছে। এরা হচ্ছে ভিপি পদে এইচএম শরীফুজ্জামান, জিএস পদে দেওয়ান আইনুল হক, এজিএস পদে উল্লাস এবং আপ্যায়ন সম্পাদক পদে পারভেজ রহমান শুভ। এবারের ইউকসু নির্বাচনে ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্রশিবির, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়ন অংশগ্রহণ করবে। এছাড়াও সাধারণ ছাত্রছাত্রীরা একটি স্বতন্ত্র প্যানেলে নির্বাচন করতে পারে।